

বাংলা বার্তা

সমৃদ্ধির সহযাত্রী

মঙ্গলবার

ঢাকা ■ মে ২৮, ২০১৯ | জ্যৈষ্ঠ ১৪, ১৪২৬

বারিতে প্রক্রিয়াজাতকৃত আলুর উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বণিক বার্তা প্রতিনিধি ■ গাজীপুর

গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের উদ্যোগে 'বাংলাদেশের উৎপাদনশীলতা ও খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরণে রফতানিযোগ্য উৎপাদন প্যাকেজ ও প্রক্রিয়াজাতকৃত আলুর উন্নয়ন' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বারির এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের পরিচালক ড. একেএম শামছুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. বীরেশ কুমার গোস্বামী, বারির পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মদন গোপাল সাহা, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগ। কর্মশালায় বারির বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিভিন্ন খাদ্য প্রক্রিয়াজাতকরণ কোম্পানির প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এতে স্বাগত বক্তব্য ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এন্ড প্রকল্পের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ও সহযোগী কো-অর্ডিনেটর ড. বিমল চন্দ্র কুন্ডু।

ড. আবুল কালাম আযাদ বলেন, বর্তমানে আমাদের দেশে চাহিদার তুলনায় ৩৭ লাখ টন বেশি আলু উৎপাদিত হচ্ছে। এ উদ্বৃত্ত আলুর সঠিক ব্যবহার একটা বড় চ্যালেঞ্জ। এ আলুর বহুবিধ ব্যবহার নিশ্চিত করতে হবে। আমরা যেন এসব আলু রফতানি করতে পারি, সেদিকে বেশি মনোযোগ দিতে হবে।

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ মঙ্গলবার
১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বারি'তে রফতানিযোগ্য প্রক্রিয়াজাতকৃত আলু উন্নয়ন বিষয়ক কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) 'বাংলাদেশের উৎপাদনশীলতা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে রফতানিযোগ্য উৎপাদন প্যাকেজ ও প্রক্রিয়াজাতকৃত আলুর উন্নয়ন' শীর্ষক ইনসেপশন কর্মশালা সোমবার অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারি মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ বলেন, বর্তমানে আমাদের দেশে চাহিদার তুলনায় ৩৭ লাখ মেট্রিক টন বেশি আলু উৎপাদিত হচ্ছে। এই উৎপাদিত আলুর সঠিক ব্যবহার একটা বড় চ্যালেঞ্জ। এই আলুর বহুবিধ ব্যবহার নিশ্চিত করতে হবে। আমরা যেন এসব আলু রফতানি করতে পারি সেদিকে বেশি মনোযোগ দিতে হবে। আলুর রোগ-বাহাইয়ের জন্য আমাদের আলু রফতানি বন্ধ রয়েছে। তাই আমাদের রোগ প্রতিরোধী জাত উদ্ভাবন করতে হবে। আমি আশা করি এই প্রকল্পের মাধ্যমে আমরা রফতানিযোগ্য আলুর জাত উন্নয়ন করতে পারব। বারি'র কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের উদ্যোগে কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের পরিচালক ড. এ কে এম শামছুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. বীরেশ কুমার গোস্বামী, বারি'র পরিচালক (গবেষণা) ড. মোঃ ড ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মদন গোপাল সাহা, পরিচালক (প্র. ংশ ও যোগাযোগ) জেবুন নেছা ও পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগ।

